**পল্লী সঞ্চয় ব্যাংক**
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
**প্রধান কার্যালয়**
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**সঞ্চয় ও ঋণ বিভাগ**

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২৩-২৪/ ৮৭৫ তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: **পল্লী সঞ্চয় ব্যাংকের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ নীতিমালা-২০২৩ জারীকরণ।**

প্রিয় মহোদয়,

শিরোনামে উল্লিখিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গ্রাহকগণ তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নকল্পে বিভিন্ন সময় আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করে থাকেন এবং ঋণ পরিশোধ করেন। গৃহীত ঋণ অনেক সময় নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে (ঋণ গ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদীভাঙ্গান, অগ্নি দুর্ঘটনা, ব্যবসায় ক্ষতি ইত্যাদি) খেলাপী হয়ে থাকে। উক্ত ঋণগ্রহীতাগণের মধ্যে যে সকল ঋণগ্রহীতা ঋণ পরিশোধে অক্ষম তাদের ঋণের সার্ভিস চার্জ মওকুফ করা হলে তারা আসল টাকা পরিশোধ করে ঋণের দায় হতে মুক্তি পান এবং ব্যাংকের খেলাপী ঋণ হ্রাস পায়। সুদ/ মুনাফা মওকুফ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে সুদ/ মুনাফা মওকুফ নীতিমালা রয়েছে। অর্থ মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাংকের সার্ভিস চার্জ মওকুফ নীতিমালার আলোকে পল্লী সঞ্চয় ব্যাংকের দরিদ্র গ্রাহকদের আর্থিক অবস্থা বিবেচনায় পরিচালনা বোর্ডের ১৪/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত ৮০তম সভায় সকল ধরণের ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ সংক্রান্ত নীতিমালা অনুমোদন করা হয়েছে। পরবর্তীতে পরিচালনা বোর্ডের ৯৭তম, ৯৮তম, ১০৮তম সভায় উক্ত নীতিমালায় কতিপয় অনুচ্ছেদ সংযোজন, বিয়োজন এবং সংশোধনের সিদ্ধান্ত প্রদান করা। সকল সিদ্ধান্ত পরিপালনপূর্বক অনুমোদিত নীতিমালাটি অধিকতর যুগোপযোগী করে একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রস্তুত করা হয়েছে।

০৩। এমতাবস্থায় সংযুক্ত নীতিমালাটি মাঠ কার্যালয়ে আপনাদের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে,

Amin 28.02.24

**(মোঃ রুহুল আমিন)**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২৩-২৪/ ৮৭৫(১১) তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি:
সদয় অবগতির জন্য প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক,পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় প্রধান (সকল বিভাগ), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। বিভাগ প্রধান, আইসিটি সিস্টেম বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা'কে উক্ত নীতিমালার আলোকে সিবিএস সফটওয়্যারে কনফিগারেশন করার জন্য অনুরোধ করা হলো।
৬। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৭। নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৮। অফিস নথি।

28-02-2024

**(মো: তানভীর হাসান মজুমদার)**
সিনিয়র অফিসার

পল্লী সঞ্চয় ব্যাংক
(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

## সঞ্চয় ও ঋণ বিভাগ

### বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ নীতিমালা-২০২৩।

গ্রাহকগণ তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নকল্পে বিভিন্ন সময় আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করে থাকেন এবং ঋণ পরিশোধ করেন। গৃহীত ঋণ অনেক সময় নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে (ঋণ গ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদীভাঙ্গন, অগ্নি দুর্ঘটনা, ব্যবসায় ক্ষতি ইত্যাদি) খেলাপী হয়ে থাকে। উক্ত ঋণগ্রহীতাগণের মধ্যে যে সকল ঋণগ্রহীতা ঋণ পরিশোধে অক্ষম তাদের ঋণের সার্ভিস চার্জ মওকুফ করা হলে তারা আসল টাকা পরিশোধ করে ঋণের দায় হতে মুক্তি পান এবং ব্যাংকের খেলাপী ঋণ হ্রাস পায়। সুদ/ মুনাফা মওকুফ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে সুদ/ মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ নীতিমালা রয়েছে। ঋণের সার্ভিস চার্জ মওকুফ সংক্রান্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক হতে বিভিন্ন সময়ে নিম্নলিখিত পরিপত্রসমূহ জারী করা হয়েছে:

ক. অর্থমন্ত্রণালয়, অর্থবিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ হতে জারীকৃত পত্র নং অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিবিধ-তারিখ: ২৯/০৬/২০০৬।
খ. অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগ, প্রশাসন শাখা-১ এর তারিখের পত্র নং অম/অবি/ব্যাংকিং/শাখা-১/বিবিধ-১০/২০০১-৩৬২ তারিখ: ১৩-১১-২০০৬।
গ. অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, ব্যাংক অনুবিভাগ, প্রশাসন অধিশাখার পত্র নং অম/অবি/ব্যাংকিং/প্রশা-১/বিবিধ-১০/২০০১(অংশ)/৬৭ তারিখ: ১২-০২-২০০৮।
ঘ. বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা ১৪ ডিসেম্বর'২০১৪ তারিখে প্রকাশিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর প্রজ্ঞাপন এস.আর.ও নং- ২৮১-আইন/২০১৪ ।
ঙ. বাংলাদেশ ব্যাংকের ডিএফআইএম সার্কুলার নং ০৪ তারিখ: ১৫.০২.২০২২।

২.০। অর্থ মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাংকের সার্ভিস চার্জ মওকুফ নীতিমালার আলোকে পল্লী সঞ্চয় ব্যাংকের দরিদ্র গ্রাহকদের আর্থিক অবস্থা বিবেচনায় পরিচালনা বোর্ডের ১২/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত ১০৮..তম সভায় সকল ধরণের ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ সংক্রান্ত নীতিমালা অনুমোদন করা হয়েছে যা নিম্নরূপ:

সার্ভিস চার্জ মওকুফ নীতিমালা

ক. নিম্নলিখিত ব্যক্তিগণ সার্ভিস চার্জ মওকুফের আবেদন করতে পারবেনঃ

১. ঋণগ্রহীতা;
২. ঋণগ্রহীতার উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ (ঋণগ্রহীতার মৃত্যু হলে);
৩. ঋণের জামিনদার;
৪. জামিনদারের উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ (জামিনদাতার মৃত্যু হলে);
৫. বন্ধকদাতা;
৬. বন্ধকদাতার উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ (বন্ধকদাতার মৃত্যু হলে)।

খ. সার্ভিস চার্জ মওকুফ আবেদনকালে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন করতে হবেঃ

১. ঋণের সার্ভিস চার্জ মওকুফের ক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরের ৩০ শে জুন হিসাব সমাপনীতে ঋণটি (B/L) শ্রেণীকৃত থাকতে হবে।

২. আরোপিত সার্ভিস চার্জ মওকুফের ক্ষেত্রে Cost of Fund Recovery নিশ্চিত করে ব্যাংকের Income Account Debit না করে তা বিবেচনা করতে হবে। এক্ষেত্রে অনারোপিত ও অনাদায়ী সার্ভিস চার্জ মওকুফের ক্ষেত্রে কেইসের যথার্থতা (Merit) বিবেচনাক্রমে সার্ভিস চার্জ মওকুফের হার ও পরিমাণ নির্ধারণ করা যাবে।

**Calculation of cost of fund**

Cost of Fund= Cost of Deposit + Administrative Cost

1. Cost of Deposit= $\frac{\text{interest paid on Deposit}}{\text{Total Average Deposit}} \times 100$
2. Administrative Cost= $\frac{\text{Total Cost-Interest paid on Deposit}}{\text{Total Average Deposit}} \times 100$

৩. ঋণগ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদীভাঙন এ ধরনের দুর্দশার কারণে প্রতিটি কেসের যথার্থতা (Merit) বিবেচনা করে Cost of Fund Recovery সংক্রান্ত শর্ত শিথিল করা যেতে পারে, এক্ষেত্রে প্রতিটি Case এর Merit আলাদাভাবে বিবেচনা করতে হবে।

৪. ঋণের আয় খাত ডেবিট না করে আরোপিত অনাদায়ী (স্থগিত সুদ খাতে জমাকৃত সুদ) এবং অনারোপিত সুদের সর্বোচ্চ ১০০% মওকুফ করা যাবে।

৫. ঋণ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে মাঠ পর্যায়ের তদন্তে তাঁর আর্থিক ক্ষতি হওয়ার বিষয়টি সুস্পষ্ট সন্দেহাতীতভাবে যৌক্তিক বিবেচিত হলে ঋণের সার্ভিস চার্জ মওকুফের প্রস্তাব নির্ধারিত ছকে ঋণ গ্রহীতার আবেদন প্রাপ্তির অনধিক ১৫ দিনের মধ্যে অবশ্যই মাঠ সহকারী এবং জুনিয়র অফিসার (মাঠ) এর সুপারিশসহ ব্যবস্থাপকের নিকট দাখিল করতে হবে।

৬. ঋণ হিসাবটি খেলাপী হয়ে পড়েছে তা সরেজমিনে সতর্কতার সাথে তদন্ত করে সার্ভিস চার্জ মওকুফ প্রস্তাবে উল্লেখ করতে হবে। এরূপ তদন্তকালে যদি প্রতীয়মান হয় যে, ঋণ গ্রহীতা স্বভাবগতভাবে ঋণ খেলাপী, সেক্ষেত্রে সার্ভিস চার্জ মওকুফ প্রস্তাব বিবেচনা না করে আইনগত কার্যক্রম গ্রহণ করতে হবে।

৭. ঋণে অর্জিত সম্পত্তি বিনষ্ট হলে, নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ব্যবসায়িক ক্ষতি হলে, ঋণে স্থাপিত যন্ত্রপাতি অকেজো এবং মেরামত অযোগ্য হলে বা প্রাকৃতিক দুর্যোগে ঋণ মারাত্মক ক্ষতিগ্রস্ত হলে অথবা ঋণ গ্রহীতা যে কোন কারণে একেবারে সহায় সম্বলহীন হয়ে পড়লে, সংশ্লিষ্ট ঋণ হিসাবের ঋণ গ্রহীতা উত্তরাধিকারী রেখে মারা গেলে এবং উত্তরাধিকারী ঋণ পরিশোধে অক্ষম হলে সার্ভিস চার্জ মওকুফ প্রস্তাব বিবেচনা করা যাবে।

৮. মাঠ সহকারী ও জুনিয়র অফিসার (মাঠ) যৌথভাবে সরেজমিনে তদন্ত করে যদি নিশ্চিত হন যে, সার্ভিস চার্জ মওকুফের পর অবশিষ্ট পাওনা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করার সদিচ্ছা ঋণ গ্রহীতার রয়েছে কেবলমাত্র সেক্ষেত্রেই সার্ভিস চার্জ মওকুফের প্রস্তাব বিবেচনা করা যেতে পারে।

৯. ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত রীট পিটিশন বা অন্য কোন মোকদ্দমার আওতাধীন কোন ঋণের সার্ভিস চার্জ মওকুফ বিবেচনা করা যাবে না।

১০. ব্যাংক কর্তৃক ঋণের টাকা আদায়ের নিমিত্ত মামলার Merit এর ভিত্তিতে আরোপিত অনাদায়ী এবং অনারোপিত সার্ভিস চার্জের সর্বোচ্চ ১০০% মওকুফ করা যাবে। এক্ষেত্রে মামলার খরচসহ অবশিষ্ট অনাদায়ী ঋণ আদায় সাপেক্ষে সার্ভিস চার্জ মওকুফ করা যাবে।

১১. বন্ধকি সম্পত্তি নদীগর্ভে বিলীন হলে সার্ভিস চার্জ মওকুফ প্রস্তাবের সাথে মাঠ সহকারী ও জুনিয়র অফিসার (মাঠ)-কে যৌথভাবে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

১২. কৃষি ভিত্তিক প্রকল্প (পোলট্রি, ডেইরী, মৎস্য ইত্যাদি) এর সার্ভিস চার্জ মওকুফের যৌক্তিকতা হিসেবে মুরগীর মড়ক, নিম্নমানের বাচ্চার কারণে প্রকল্প ক্ষতিগ্রস্ত, ডিমের মূল্য কমে যাওয়া, মাছের মড়ক ইত্যাদি নিয়ন্ত্রণ বহির্ভুত কারণে প্রকল্প/ব্যবসা ক্ষতিগ্রস্ত হলে এ বিষয়ে মাঠ সহকারী ও জুনিয়র অফিসার (মাঠ)-কে যৌথভাবে একটি প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

১৩. সার্ভিস চার্জ মওকুফ করা হলে মওকুফ বাদে সমুদয় টাকার ৫০% ১ মাসের মধ্যে, অবশিষ্ট ৫০% পরবর্তী ১ মাসের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে মওকুফ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং অনাদায়ী পাওনা আদায়ের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. সকল প্রকার ঋণের সার্ভিস চার্জ মওকুফের ক্ষেত্রে অনাদায়ী স্থিতির ১০% ডাউন পেমেন্ট হিসাবে গ্রহণ করতে হবে। ডাউন পেমেন্ট এর টাকা আবেদনের তারিখসহ পূর্ববর্তী ৩০ দিনের মধ্যে আদায়কৃত টাকা ডাউন পেমেন্ট হিসাবে বিবেচনা করা যাবে।

১৫. সার্ভিস চার্জ মওকুফ কার্যকর করার লক্ষ্যে কোন অবস্থাতেই আদায়কৃত ডাউন পেমেন্ট এর টাকা ফেরত দেয়া যাবে না।

১৬. <u>সার্ভিস চার্জ মওকুফের কার্যকর সময়কাল বর্ধিতকরণঃ</u>

(ক) যৌক্তিক কারণে কোন ঋণ গ্রহীতা সার্ভিস চার্জ মওকুফোত্তর পরিশোধযোগ্য পাওনা মওকুফ সিদ্ধান্ত অনুযায়ী দেয় তারিখের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে এবং ঋণ গ্রহীতা পরবর্তী সময়ে আদায়যোগ্য পাওনাসহ ব্যাংকের প্রচলিত হারে বিলম্বকালিন সার্ভিস চার্জ সম্পূর্ণ পরিশোধকল্পে মওকুফের সময়সীমা বর্ধিতকরণের আবেদন দাখিল করলে এবং আবেদন যুক্তিযুক্ত বিবেচিত হলে সার্ভিস চার্জ মওকুফ অনুমোদনকারী কর্তৃপক্ষ পরবর্তী ১ মাস বর্ধিত সময়ের অনুমোদন দিতে পারবেন; এর বেশি সময় বর্ধিত করার প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।;

(খ) সার্ভিস চার্জ মওকুফ সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট ঋণ হিসাবের সার্ভিস চার্জ মওকুফোত্তর আদায়যোগ্য পাওনা/পাওনার কিস্তি পরিশোধের নির্ধারিত তারিখ হতে বিলম্বে পরিশোধের তারিখ পর্যন্ত সময়কালের জন্য ব্যাংকের প্রচলিত হার অনুযায়ী সরল হারে বিলম্বকালীন সার্ভিস চার্জ আরোপ করতে হবে।

১৭. মাঠ সহকারী এবং জুনিয়র অফিসার (মাঠ) কর্তৃক সার্ভিস চার্জ মওকুফ আবেদনে প্রদত্ত আবেদনকারীর স্বাক্ষর যাচাইপূর্বক সঠিকতা নিশ্চিত হয়ে স্বাক্ষর সত্যায়িত করণসহ সার্ভিস চার্জ মওকুফের স্বপক্ষে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত প্রমাণাদি/দলিল পত্রাদি সঠিকতা যাচাই করে প্রত্যয়ন করতে হবে।

১৮. সার্ভিস চার্জ মওকুফ সুবিধা গ্রহণকারী গ্রহীতাগণকে পুনরায় ঋণ প্রদান করা যাবে।

১৯. অত্র নীতিমালার সকল শর্ত অপরিবর্তিত রেখে ১১.০৭.২০১৭ তারিখের পূর্বে বিতরণকৃত BL শ্রেণীকৃত ঋণসমূহের কেস টু কেস ভিত্তিতে ডাউন পেমেন্টের শর্ত শিথিল পূর্বক “মুনাফা (সার্ভিস চার্জ)” মওকুফ সুবিধা প্রদান করা যাবে।

৩.০। মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ সংক্রান্ত আবেদনপত্র প্রাপ্তির পর নিম্নোক্ত কমিটি যাচাই-বাছাইপূর্বক সুপারিশমালা প্রণয়ন করবে যা পরবর্তীতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অনুমোদন করবেন:

| ক্র:নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| (ক) | উপব্যবস্থাপনা পরিচালক (তাঁর অনুপস্থিতিতে পরবর্তী জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক) | সভাপতি |
| (খ) | মহাব্যবস্থাপক (পরিচালন ও পরিদর্শন মহাবিভাগ) | সদস্য |
| (গ) | মহাব্যবস্থাপক (বাজেট ও হিসাব মহাবিভাগ) | সদস্য |
| (ঘ) | সঞ্চয় ও ঋণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / সিনিয়র প্রিন্সিপাল অফিসার | সদস্য-সচিব |

৪.০। **<u>সার্ভিস চার্জ মওকুফ কার্যকর সংক্রান্ত নির্দেশনা:</u>**

ক. সার্ভিস চার্জ মওকুফ অনুমোদনের পর মওকুফ বাদে অবশিষ্ট পাওনা (যদি থাকে) শাখা ব্যবস্থাপক শাখার পোস্টিং এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীর মাধ্যমে সংশ্লিষ্ট ঋণ গ্রহীতার হিসাবে পোস্টিং দিবেন এবং প্রধান কার্যালয় কর্তৃক

নির্ধারিত/ ক্ষমতাপ্রাপ্ত (Authorised) কর্মকর্তা অনলাইনে অনুমোদন দেয়ার পর তা কার্যকর হবে। এক্ষেত্রে কোন ঋণ গ্রহীতা এক্সিট চাইলে সমিতিতে তার সঞ্চয়ী আমানতের টাকা ঋণের আসলের সাথে সমন্বয়ের পর অবশিষ্ট টাকা আদায় করে এক্সিট দেয়া যাবে।

খ. সার্ভিস চার্জ মওকুফের একটি রিপোর্ট সিবিএস এ জেনারেট করতে হবে। উক্ত সার্ভিস চার্জ মওকুফ Daily Basis এ মনিটর করার নিমিত্ত প্রধান কার্যালয়ের একজন কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।

গ. সার্ভিস চার্জ মওকুফের যাবতীয় কাগজপত্র ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। অভ্যন্তরীণ নিরীক্ষা কর্তৃক শাখা অডিট করার সময় তা যাচাই অন্তে পরিলক্ষিত অনিয়ম/ত্রুটিসমূহ নিরীক্ষা আপত্তিতে অন্তর্ভুক্ত করতে হবে।

ঘ. বর্ণিত নীতিমালার আওতায় মামলা দায়েরকৃত কোন ঋণ হিসাব নিস্পত্তি করা হলে আদালতে দায়েরকৃত মামলা প্রত্যাহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ. সার্ভিস চার্জ মওকুফের শর্তানুযায়ী ঋণগ্রহীতা পরিশোধযোগ্য টাকা পরিশোধে ব্যর্থ হলে কিংবা পরিশোধে অনীহা প্রকাশ করলে তার নিকট হতে ঋণের পাওনা আদায়ে জরুরী ভিত্তিতে উপযুক্ত আদালতে মোকদ্দমা দায়ের করতে হবে।

৫.০। মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফোত্তর আদায়যোগ্য টাকা নির্ধারিত তারিখের মধ্যে আদায় কিংবা ঋণের পাওনা আদায়ে ঋণগ্রহীতার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে কোনরূপ গাফিলতি পরিলক্ষিত হলে তজ্জন্য মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ সিদ্ধান্ত বাস্তবায়ন সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণ দায়ী থাকবেন।

৬.০। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে,

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

**শেখ মো: জামিনুর রহমান**
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
..........................শাখা,
জেলাঃ ........................।

বিষয়ঃ **ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফের আবেদনপত্র।**

মহোদয়,

আমি, ______________________________, পিতাঃ ______________________________, ঠিকানাঃ ______________________________, একজন ঋণগ্রহীতা/ ঋণগ্রহীতার উত্তরাধিকারী/ ঋণের জামিনদার/ জামিনদারের উত্তরাধিকারী/ বন্ধকদাতা/ বন্ধকদাতার উত্তরাধিকারী। আমার/ জনাব______________________________এর ঋণটির মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফের আবেদন করছি। এই মর্মে ঘোষণা করছি যে, আমার দাখিলকৃত মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফের আবেদনের বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত প্রদান করবে তা আমি গ্রহণ করতে সম্মত আছি এবং সুদ মওকুফোত্তর কোনো পাওনা থাকলে তা কর্তৃপক্ষের নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করার অঙ্গীকার করছি এবং ঋণটি ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত রীট পিটিশন বা অন্য কোন মোকদ্দমার আওতাধীন নয়।

দীর্ঘদিন যাবৎ ঋণটি পরিশোধ না করার কারণ এবং ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফের যৌক্তিকতার তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১ | সমিতির তথ্যাদিঃ<br>(ক) সমিতির নাম<br>(খ) সমিতির কোড নং | <br>ঃ<br>ঃ | |
| ২ | ঋণ গ্রহীতার তথ্যাদিঃ<br>(ক) ঋণ গ্রহীতার নাম<br>(খ) সদস্য কোড নং<br>(গ) ঋণ গ্রহীতার পিতার নাম<br>(ঘ) মাতার নাম<br>(ঙ) মোবাইল নং<br>(চ) সঞ্চয়ী হিসাব নং<br>(ছ) স্থায়ী ঠিকানা<br>(জ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নং | <br>ঃ<br>ঃ<br>ঃ<br>ঃ<br>ঃ<br>ঃ<br>ঃ<br>ঃ | |
| ৩ | ঋণ হিসাব নং | ঃ | |
| ৪ | ঋণের উদ্দেশ্য | ঃ | |
| ৫ | মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ | ঃ | |
| ৬ | ঋণ রিতরণের পরিমাণ ও তারিখ | ঃ | |
| ৭ | ঋণ মঞ্জুরীপত্রানুযায়ীঃ<br>(ক) কিস্তির সংখ্যা<br>(খ) কিস্তির পরিমাণ | <br>ঃ<br>ঃ | |
| ৮ | ঋণের মেয়াদ | ঃ | |
| ৯ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | ঃ | |
| ১০ | মামলা/ নোটিশ/ অন্যান্য খরচ | ঃ | |
| ১১ | ঋণ হিসাবে অনারোপিত ও অনাদায়ী সার্ভিস চার্জের পরিমাণ (কম্পিউটার হিসাব শীট সংযুক্ত করতে হবে) | ঃ | |
| ১২ | ঋণের মেয়াদের মধ্যে কিস্তি খেলাপ হয়ে থাকলে যৌক্তিক কারণ (প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করতে হবে) | ঃ | |
| ১৩ | ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফের যৌক্তিকতা (প্রয়োজনে আলাদা কাগজ সংযুক্ত করতে হবে) | | |
| ১৪ | ঋণগ্রহীতা কর্তৃক পরিশোধিত টাকার পরিমাণ (ডাউন পেমেন্ট বাদে) | ঃ | |
| ১৫ | ঋণের স্থিতি (ডাউন পেমেন্ট জমার পূর্বে) | ঃ | |
| ১৬ | ঋণের বর্তমান স্থিতি (ডাউন পেমেন্ট বাদে) | ঃ | |
| ১৭ | ডাউন পেমেন্টের পরিমাণ ও তারিখ | ঃ | |

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষরঃ
পূর্ণনামঃ
ঋণগ্রহীতার সাথে আবেদনকারীর সম্পর্কঃ

মোঃ তানভীর হাসান মজুমদার
সিনিয়র অফিসার
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

মোঃ রুহুল আমিন
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

অংশ-০২

(ব্যাংক কর্তৃক পুরণ করতে হবে)

**মাঠ সহকারী এবং জুনিয়র অফিসার (মাঠ) এর প্রত্যয়নপত্র/মতামত ও সুপারিশ:**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ঋণগ্রহীতা জনাব ____________________________, সদস্য কোড নং ______________, সমিতির নামঃ ________________________________ এর একজন সদস্য। আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত ______________ তারিখে সরেজমিনে তদন্ত করে নিশ্চিত হয়েছি যে, তিনি/ তাঁর ব্যবসা ______________________________________________কারণে তাঁর আর্থিক ক্ষতি হওয়ার বিষয়টি সুস্পষ্ট ও সন্দেহাতীতভাবে প্রমাণিত এবং তিনি স্বভাবগতভাবে ঋণ খেলাপী নন। উল্লেখিত কারণে ঋণ হিসাবটি খেলাপী হয়ে পড়েছে। আবেদনকারী কর্তৃক দাখিলকৃত প্রমাণাদি/ দলিল পত্রাদি সঠিক রয়েছে। মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ হলে নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করার সদিচ্ছা আবেদনকারীর রয়েছে এবং পল্লী সঞ্চয় ব্যাংকের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ নীতিমালার আলোকে ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ করার জন্য সুপারিশ করা হলো।

দায়িত্বপ্রাপ্ত মাঠ সহকারীর
সীলসহ স্বাক্ষর ও তারিখ

দায়িত্বপ্রাপ্ত জুনিয়র অফিসার (মাঠ) এর
সীলসহ স্বাক্ষর ও তারিখ

**শাখা ব্যবস্থাপকের মতামত/সুপারিশ:**

মাঠ সহকারী এবং জুনিয়র অফিসার (মাঠ) এর সুপারিশের সাথে একমত পোষণ করছি। ___________ তারিখে আমি নিম্নস্বাক্ষরকারী বিগত ___________ তারিখে সরেজমিনে তদন্ত করে নিশ্চিত হয়েছি যে, তিনি/ তাঁর ব্যবসা ______________________কারণে তাঁর আর্থিক ক্ষতি হওয়ার বিষয়টি সুস্পষ্ট সন্দেহাতীতভাবে প্রমাণিত এবং তিনি স্বভাবগতভাবে ঋণ খেলাপী নন। ________________ অর্থবছরের ৩০ শে জুন হিসাব সমাপনীতে ঋণটি (B/L) শ্রেণীকৃত। ঋণগ্রহীতা জনাব__________________________এর ঋণটি পল্লী সঞ্চয় ব্যাংকের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ নীতিমালার আলোকে ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ করার জন্য সুপারিশ করা হলো।

শাখা ব্যবস্থাপকের
সীলসহ স্বাক্ষর ও তারিখ

**জেলা কার্যালয়ের মতামত/সুপারিশ:**

শাখার সুপারিশের সাথে একমত পোষণ করে ঋণগ্রহীতা জনাব__________________________এর ঋণটি পল্লী সঞ্চয় ব্যাংকের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ নীতিমালার আলোকে ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ করার জন্য সুপারিশ করা হলো।

জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার
সীলসহ স্বাক্ষর ও তারিখ

মোঃ তানভীর হাসান মজুমদার
সিনিয়র অফিসার
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

মোঃ রুহুল আমিন
সিনিয়র প্রিন্সিপাল অফিসার